

মার্চ/২২মাসের অনুষ্ঠিত উপজেলা পরিষদ অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত কমিটির সভার কার্যবিবরণী  
সভার স্থান : উপজেলা প্রকৌশল অফিস কক্ষ  
সভার তারিখ : ০৬.০৩.২০২২খ্রি. সকাল ১১.০০ ঘটিকায়  
সভাপতি : মোঃ হুকুম আলী, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা।  
উপস্থিততালিকা : পরিশিষ্ট- ক

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব গণিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন ধরনের সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করেন। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

১. আলোচনা : নিয়মিত উপজেলা পরিষদ উপজেলা পরিষদ অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত কমিটির সভা আহবানকরণ

সিদ্ধান্ত : প্রতি দুইমাস পর পর ০৭ তারিখের মধ্যে উপজেলা পরিষদ অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত কমিটির সভা আহবান করে সভার সুপারিশসহ কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা মহোদয়ের কার্যালয়ের প্রেরণের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

২. আলোচনা : প্রকল্পগ্রহণ ও অনুমোদন কার্যক্রম যথাযথভাবে পালন ও বাস্তবায়ন

সিদ্ধান্ত : বিভিন্ন মাধ্যম হতে প্রাপ্ত প্রকল্প, অর্থ ও বাজেট যথাযথভাবে বাস্তবায়নের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্ব সন্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ হুকুম আলী)

সভাপতি

উপজেলা পরিষদ অর্থ, বাজেট, পরিকল্পনা ও

স্থানীয় সম্পদ

আহরণ সংক্রান্ত কমিটি

ফুলছড়ি, গাইবান্ধা।

স্মারকনং- ৪৬.০২.৩২২১.১৫৫.১৯.০৯৯.২২-২২৭

তারিখ : ০৬.০৩.২০২২খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা।
২. উপজেলা নির্বাহী অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা।
৩. ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা।
৪. চেয়ারম্যান,.....ইউনিয়ন পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা।
৫. অফিসকপি।



সদস্য সচিব

উপজেলা পরিষদ অর্থ, বাজেট,

পরিকল্পনা ও স্থানীয় সম্পদ

আহরণ সংক্রান্ত কমিটি




ফুলছড়ি, গাইবান্ধা।

উপজেলা পরিষদ অর্থ, বাজেট, পরিকল্পনা ও স্থানীয় সম্পদ আহরণ সংক্রান্ত সম্পর্কিত স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ০৬/০২/২০২২ ইং

সভার স্থানঃ উপজেলা প্রকৌশলীর দপ্তর।

উপস্থিতির স্বাক্ষর

ক্রমিক নং	নাম/অফিস পদবী	কমিটির পদবী	স্বাক্ষর
০১	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ফুলছড়ি, গাইবান্ধা।	সভাপতি	
০২	চেয়ারম্যান, ৩ নং উদাখালী ইউনিয়ন পরিষদ ফুলছড়ি, গাইবান্ধা।	সদস্য	
০৩	উপজেলা কৃষি অফিসার ফুলছড়ি, গাইবান্ধা।	সদস্য	
০৪	উপজেলা সমাজসেবা অফিসার ফুলছড়ি, গাইবান্ধা।	সদস্য	
০৫	উপজেলা প্রকৌশলী, এলজিইডি ফুলছড়ি, গাইবান্ধা।	সদস্য-সচিব	